

দৈনিক কবিতা

রোববার ১২ মাঘ ১৪২৬ : ২৬ জানুয়ারি ২০২০

‘আমার গ্রাম-আমারশহর’ বিনির্মাণে আরডিএ, বগুড়ার জাতীয় কর্মশালা অনুষ্ঠিত

‘আমার গ্রাম-আমারশহর’ বিনির্মাণে পল্লী উন্নয়ন একাডেমি বগুড়া কর্তৃক পরিচালিত গবেষণার ফলাফল সমৃদ্ধকরণ ও বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত জাতীয় কর্মশালা গতকাল শনিবার সিরডাপ মিলনায়তন ঢাকায় অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন মন্ত্রী পরিষদ বিভাগের সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম। কর্মশালায় সভাপতিত্ব করেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মোঃ রেজাউল আহসান ও স্বাগত বক্তব্য রাখেন একই বিভাগের অতিরিক্ত সচিব মোঃ আফজাল হোসেন। সেমিনারে বিশেষ অতিথি ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মোঃ জয়নুল বারী, পরিকল্পনা বিভাগের সচিব মোঃ নুরুল আমিন ও ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব মোঃ নুর-উপ-রহমান। কর্মশালাটিতে ‘আমার গ্রাম-আমার শহর’ গবেষণায়প্রাপ্ত সুপারিশ বাস্তবায়নে করণীয় বিষয় সম্পর্কে উপস্থাপনা করেন পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) বগুড়ার মহাপরিচালক মোঃ আমিনুল ইসলাম। কর্মশালায় সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের সচিবসহ ৭০ জন উচ্চপদস্থ কর্মকর্তাগণ এবং আরডিএ বগুড়ার অনুযদ সদস্যগণ উপস্থিত ছিলেন। এ সময়ে আরডিএ কর্তৃক নির্মিত ‘আমার গ্রাম-আমারশহর’ শীর্ষক দস্তিনন্দন ও তাৎপর্যপূর্ণ একটি ভিডিও প্রোগ্রাম প্রদর্শন করা হয়। খবর বিজ্ঞপ্তির।